তারিখ ... 15 MAY 1990
পৃষ্ঠা ... ... কলাম ...

44

# দুই সহস্রাধিক

প্রথম পাতার পর

থেকে প্রাপ্ত বহিষ্কৃতের সংখ্যা হচ্ছে ঃ নরসিংদী থেকে ১৭ জন, মুন্সীগঞ্জ থেকে ১৫জন, মানিকগঞ্জ থেকে ২৮ জন, টাঙ্গাইল থেকে ৫৯ জন, ফরিদপুর থেকে ৫০ জন পরীক্ষার্থী ও ১ জন শিক্ষক, মাদারীপুর জেলা থেকে ১৮ জন, শরীয়তপুর জেলা থেকে ১৬ জন, রাজবাড়ী জেলা থেকে ১৩ জন, গোপালগঞ্জ জেলা থেকে ৫৩ জন, ময়মনসিংহ জেলা থেকে ৭৮ জন পরীক্ষার্থী ও ৩ জন শিক্ষক, কিশোরগঞ্জ জেলা থেকে ৬১ জন, নেত্রকোনা থেকে ১৮ জন, জামালপুর জেলা থেকে ৭৯ জন এবং শেরপুর জেলার বিভিন্ন কেন্দ্র থেকে ৩০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

আমাদের ভালুকা সংবাদদাতা জানান, ভালুকা পাইলট উচ্চ বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে সকালের পরীক্ষায় ৩ জন ও বিকেলে ২ জন পরীক্ষার্থী ও ১জন শিক্ষককে বহিষ্কার করা হয়। এই কেন্দ্রে নকল সরবরাহকালে ১ জনকে গ্রেফতার করা হয়।

ঢাকা, নারায়ণগঞ্জ ও গাজীপুরের বিভিন্ন কেন্দ্র থেকে দু'শতাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হবার খবর পাওয়া গেছে।

চট্টগ্রাম থেকে আমাদের নিজস্ব প্রতিনিধি জানান, প্রশ্নপত্র ফাঁস হয়ে যাবার প্রেক্ষিতে এসএসসি পরীক্ষা স্থগিত ঘোষণা করা হলে চট্টগ্রাম শহরসহ উপজেলার বিভিন্ন পরীক্ষার্থী ও অভিভাবকবৃন্দ বিক্ষুব্ধ হয়ে উঠে।

চট্টগ্রাম শহরে সরকারী মুসলিম হাই স্কুল কেন্দ্রে পরীক্ষার্থী ছাড়াও একদল জনতা পরীক্ষা স্থগিত ঘোষণার পর কেন্দ্রের দরজা-জানালা ও টেবিল চেয়ার ভাঙ্গচুর শুরু করে। এক পর্যায়ে পুলিশের সাথে জনতার হাতাহাতি এবং ধাওয়া পাল্টা ধাওয়া চলে। পটিয়ার আদর্শ উচ্চ বিদ্যালয় কেন্দ্রে জনতা ও পুলিশের মধ্যে এক সংঘর্ষে ১০ জন আহত হয়। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য ৩ রাউন্ড ফাঁকা গুলী ছোঁড়ে। আহতদের মধ্যে পটিয়া উপজেলার পল্লী উন্নয়ন কর্মকর্তা ফখরুল হাসান ও সমাজ সেবা কর্মকর্তা আবদুল হাই ভূঞার অবস্থা আশংকাজনক। এ ছাড়া অন্যান্য কেন্দ্রেও কম বেশি গোলযোগের খবর পাওয়া গেছে।

কুমিল্লা থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানান, গতকাল সোমবার বিকেলে কুমিল্লা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় ১২৮টি কেন্দ্রের মধ্যে ৩২টি কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে ১৭৪ জনকে বহিষ্কার করা হয়। এর মধ্যে কুমিল্লা জেলা থেকে বহিষ্কৃতের সংখ্যা ১১৪ জন। লাকসাম উপজেলা কেন্দ্র থেকে ২জন শিক্ষক বহিষ্কার এবং বহিষ্কৃত একজন ছাত্র কর্তৃক বোর্ড পর্যবেক্ষক দলের ১জন সদস্য প্রহৃত হন। পুলিশের সহযোগিতায় তিনি বেঁচে যান।

এদিকে মুরাদনগর উপজেলা থেকে ১জন শিক্ষক বহিষ্কার, ব্রাহ্মণপাড়া উপজেলা থেকে নকল সরবরাহকালে ৩ জন বহিরাগতকে গ্রেফতার করা হয়। চৌদ্দগ্রাম, কুমিল্লা সদর ও বুড়িচং উপজেলা কেন্দ্রে সকালের প্রশ্ন ফাঁসের খবর ছড়িয়ে পড়ার পর বেলা পৌনে ১২টায় ছাত্রছাত্রীদের কাছ থেকে খাতা কেড়ে নেয়া হয়। এ সময় উত্তেজিত পরীক্ষার্থীরা চেয়ার-টেবিল ভাংচুর করে।

চাঁদপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানাচ্ছেন, চাঁদপুরে এবারের এসএসসি পরীক্ষার কেন্দ্রগুলোতে কর্তাবাবুদের টেলিফোন বিড়ম্বনা প্রকট আকার ধারণ করেছে। এসব কর্তাবাবু কর্তব্যরত ম্যাজিষ্ট্রেট বা পরিদর্শককে টেলিফোন করে নিজেদের আত্মীয়স্বজন পরীক্ষার্থীদের দিকে একটু খেয়াল রাখার জন্যে অনুরোধ করেথাকেন।

গত ১০ মে এ প্রতিনিধি শহরের লেডী প্রতিমা উচ্চ বালিকা বিদ্যালয়ের কেন্দ্র পরিদর্শনে যেয়ে অফিস কক্ষে বসেন। তখন বাইরে থেকে জনৈক কর্তাবাবু কর্তব্যরত ম্যাজিষ্ট্রেটকে টেলিফোন করে তার নিকট আত্মীয়া একজন পরীক্ষার্থিনীর পরীক্ষার প্রতি খেয়াল রাখার অনুরোধ করেন। উক্ত পরীক্ষার্থিনীর নাম ও রোল নং কর্তব্যরত ম্যাজিষ্ট্রেটকে দিয়ে বিশেষ অনুরোধ করেন। এ ধরনের টেলিফোন জেলার কেন্দ্রগুলোতে প্রতিদিনই আসে বলে জানা গেছে।

কুমিল্লার হোমনা থেকে আমাদের সংবাদদাতা জানান, সমাজ বিজ্ঞান প্রথমপত্র পরীক্ষায় কুমিল্লার হোমনা কেন্দ্রে নকলের দায়ে তিনজনকে বহিষ্কার করা হয়েছে।

দেওয়ানগঞ্জ সংবাদদাতা জানান, জামালপুর জেলার ৭টি কেন্দ্রে

এসএসসি পরীক্ষার ৩য় দিনে নকল করার অভিযোগে ৭৯ জন ছাত্রকে বহিষ্কার করা হয়েছে।

পরীক্ষা চলাকালীন বাইর থেকে নকল সরবরাহ করার অভিযোগে ৯ জন বহিরাগতকে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারকৃতদের ১৫ দিন করে তাৎক্ষণিকভাবে সাজা দেয়া হয়েছে। বহিষ্কৃতদের মধ্যে জামালপুর সদর ৪ জন, সরিষাবাড়ী ৫জন, মাদারগঞ্জ ৮ জন, মেলান্দহ ৭ জন, দেওয়ানগঞ্জ ৯ জন, বক্সীগঞ্জ ৬ জন এবং ইসলামপুরে ৪০ জন।

আমাদের রাজশাহী সংবাদদাতা জানান, গতকাল অনুষ্ঠিত পরীক্ষা রাজশাহী বোর্ডের ১৩১টি কেন্দ্রের ৬৩টি কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে ৬০৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে রাজশাহীর ৫টি কেন্দ্র থেকে ২৩ জন, নবাবগঞ্জের ৪টি কেন্দ্র থেকে ২৩জন, নাটোরের ৪টি কেন্দ্র থেকে ১৫, নওগার কেন্দ্র থেকে ৫জন, পাবনার ৮টি কেন্দ্র থেকে ৬৫ জন, সিরাজগঞ্জের ৪টি কেন্দ্র থেকে ২৩ জন, রংপুরের ৫টি কেন্দ্র থেকে ৯২ জন, গাইবান্ধার ৬টি কেন্দ্র থেকে ৪৬ জন, কুড়িগ্রামের ২টি কেন্দ্র থেকে ৯জন, দিনাজপুরের ৪টি কেন্দ্র থেকে ১২৮ জন, ঠাকুরগাঁয়ের ৫টি কেন্দ্র থেকে ৩৯ জন, পঞ্চগড়ের ৪টি কেন্দ্র থেকে ৩৮ জন, জয়পুরহাটের ৫টি কেন্দ্র থেকে ৫৪ জন এবং নীলফামারীর ৬টি কেন্দ্রে ৪৪ জনকে বহিষ্কার করা হয়।

যশোরস্থ নিজস্ব সংবাদদাতা জানান, সাধারণ বিজ্ঞান ও সমাজ বিজ্ঞান প্রথম পত্রের দু'বিষয়ে অসদুপায় অবলম্বনের দায়ে যশোর ও ঝিনাইদহ থেকে ৩৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

কেন্দ্র ওয়ারী বহিষ্কৃতরা হচ্ছে ঃ যশোর সদর ১২ জন, চৌগাছা ১ জন, বাঘারপাড়া ২জন, ঝিকরগাছা ১ জন, কেশবপুর ২জন, মনিরামপুর ৪ জন ও ঝিনাইদহ ১২ জন। রংপুরে ১৬টি কেন্দ্রে দু'বেলায় ৯১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। পাবনায় ৮টি কেন্দ্রে ৬৫ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।